

ডাইরি/ওয়েবসাইটে আপলোডের ব্যবস্থা নিন	
স্টেশন প্রকৌশলী	
উপ-স্টেশন প্রকৌশলী	
সরকারী বেতার প্রকৌশলী	
বেতার ডেপুটি সার্জন	

২৩/১০/২০২০

(৩২ন৬)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ বেতার  
সদর দপ্তর  
৩১, বিচারপতি সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি  
শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭  
Website : www. betar.gov.bd

নং: ১৫.৫৩.০০০০.০১৩.৩৪.০২৩.২০২০. ৪৭০

তারিখ: ২৬/১০/২০২০

প্রাপক,  
জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা  
জেলা হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয়  
কক্সবাজার।

বিষয়: অবসর ভাতা ও আনুতোষিক মঞ্জুরি।

জনাব,

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানাচ্ছি যে, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকার ১৩/১০/২০২০ খ্রি. তারিখের ১৫.৫৩.০০০০.০১৩.৩৪.০২৩.২০২০.১৩৪২ নম্বর অফিস আদেশে বাংলাদেশ বেতার, কক্সবাজার কেন্দ্রের সেতার বাদক "ঘ" শ্রেণি জনাব সত্যজিৎ চক্রবর্তী-কে ২৪/০২/২০১৮ খ্রি. তারিখ থেকে ২৩/০২/২০১৯ খ্রি. তারিখ পর্যন্ত মোট ০১(এক) বছরের অবসর উত্তর ছুটি মঞ্জুর করা হয়েছিল। অবসর উত্তর ছুটি শেষে জনাব সত্যজিৎ চক্রবর্তী ২৪/০২/২০১৯ খ্রি. তারিখে চূড়ান্ত অবসর গ্রহণ করেন। বিধি অনুযায়ী জনাব সত্যজিৎ চক্রবর্তী অবসর ভাতা ও আনুতোষিক মঞ্জুরির জন্য আবেদন করেছেন। তার আবেদনের পরিপ্রেক্ষিতে মূল বেতন ১৯,৮১০/- (উনিশ হাজার আটশত দশ টাকা) হারে অবসর ভাতা বাবদ ৮,২২১.১৫ (আট হাজার দুইশত একুশ টাকা পনেরো পয়সা) মাত্র এবং আনুতোষিক বাবদ ১৮,৯০,৮৬৪.৫০ (আঠার লক্ষ নব্বই হাজার আটশত চৌষট্টি টাকা পঞ্চাশ পয়সা) মাত্র মঞ্জুরি প্রদান করছি। নিরীক্ষান্তে অবসর ভাতা ও আনুতোষিক মঞ্জুরির আদেশ নামা জারীর জন্য নিম্নে বর্ণিত কাগজাদি এতদসংগে প্রেরণ করছি।

১. চাকরীর খতিয়ান বই	:	৩ খন্ড
২. পেনশন পেপার	:	১ কপি
৩. শেষ বেতন সনদ (ই এল পি সি)	:	১ কপি
৪. না দাবি পত্র	:	১ কপি
৫. অংগীকার নামা	:	১ কপি
৬. সত্যায়িত ছবি	:	৪ কপি
৭. নমুনা স্বাক্ষর/আঙুলের ছাপ	:	১ কপি
৮. নিয়মিত রাজস্ব খাতভুক্ত কর্মচারী হিসেবে প্রত্যয়নপত্র	:	১ কপি
৯. সরকারী বাসায় বসবাস করেননি মর্মে প্রত্যয়নপত্র	:	১ কপি
১০. পি আর এল মঞ্জুরীর আদেশ নামা	:	১ কপি
১১. বিভাগীয় মামলা/কোর্ট কেইস নেই মর্মে প্রত্যয়নপত্র	:	১ কপি
১২. অডিট আপত্তি নেই মর্মে প্রত্যয়নপত্র	:	১ কপি
১৩. আবেদনকারীর জাতীয় পরিচয়পত্র নমিনীর জাতীয় পরিচয়পত্র	:	২ কপি

০২। জনাব সত্যজিৎ চক্রবর্তী-কে অবসর ভাতা ও আনুতোষিক উত্তোলনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

আহম্মদ কামরুজ্জামান  
মহাপরিচালক (চলতি দায়িত্ব)  
ফোনঃ ৪৪৮১৩০৬২

সংযুক্ত: যথাবর্ণিত।

অনুলিপি সদয় অবগতিকে প্রেরণ করা হলো:

- ১। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, কক্সবাজার।
- ২। সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। জনাব সত্যজিৎ চক্রবর্তী, সেতার বাদক "ঘ" শ্রেণি, বাংলাদেশ বেতার, কক্সবাজার।
- ৪। গার্ড ফাইল।